

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ শরীয়তের দায়-দায়িত্ব - মহান আল্লাহ তাঁর বান্দাকে সাধ্যাতিত কাজের দায়িত্ব দেন না, এই মর্মে বর্ণিত হাদীসসমূহ

بَابُ التَّكْلِيفِ لِ ذِكْرُ الْأَخْبَارِ عَنْ نَفْيِ تَكْلِيفِ اللَّهِ عِبَادَهُ مَا لَا يُطِيقُونَ

## আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ الْقَاسِمِ عَنِ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: لُمَّا نَزَلَتْ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذِهِ الْآيَةُ {لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَإِنْ تُبْدُوا مَا فِي أَنْفُسِكُمْ أَو تُخْفُوهُ يُحَاسِبْكُمْ بِهِ اللَّهُ فَيَغْفِرُ لِمَنْ يَشَاءُ وَيُعَذّبُ مَنْ يَشَاءُ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ } أَتَوَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَتَوْا عَلَى الرُّكَبِ مَنْ يَشَاءُ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ } أَتَوَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَتَوْا عَلَى الرُّكَبِ وَقَالُوا لَا نَطِيقُ لَا نَسْتَطِيعُ فَأَنْزَلَ اللَّهُ { آمَنَ الْعُمَلِ مَا لَا نُطِيقُ وَلَا نَسْتَطِيعُ فَأَنْزَلَ اللَّهُ { آمَنَ الْعُمَلِ مَا لَا نُطِيقُ وَلَا نَسْتَطِيعُ فَأَنْزَلَ اللَّهُ { آمَنَ الْعُمَلِ مَا لَا نُطِيقُ وَلَا نَسْتَطِيعُ فَأَنْزَلَ اللَّهُ إِلَيْكَ الْمُصِيرُ } وَقَالُوا لَا نَبْعِي مَنْ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ } إلى قوله: { غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمُصِيرُ لِي مَا أَنْزِلَ اللَّهُ إِلَيْكَ الْمُصِيرُ لَيْ وَلُوا سَمِعْنَا وَالْمُونُ مِنَا عَلَيْكَ الْمُصِيرُ اللَّهُ لَا لُكِتَابِ مِنْ قَبْلِكُمْ سَمِعْنَا النَّبِي فَى اللَّهُ وَلُوا سَمِعْنَا وَالْمَنْ إِنَا اللَّهُ لَا لُولَانَا فَالْمُ لُولُ اللَّهُ لَا لَا لَكُمُ لِكُ اللَّهُ لَلْهُ وَلُوا سَمِعْنَا أَوْلَا فَالْمَعْمَلِ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ وَلُوا سَمُعْنَا أَوْلُولَ اللَّهُ اللَّهُ الْمَالِقَةُ لَنَا بِهِ وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا أَنْتَ مَوْلَانَا فَانْصَرُنَا عَلَى الْقَوْمِ لَنَا فَالْمُعُولِ اللَّهُ الْمَلْ اللَّهُ اللَّهُ اللَّهُ الْمَالَقَةُ لَنَا بِهِ وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا أَنْتَ مَوْلِانَا فَانْصَرُلْ عَلَى اللَّهُ اللَّهُ الْمُعْرِلُولَ اللَّهُ الْمَلْكُولُ اللَّهُ الْمُلُولُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الْ

الراوي: أَبو هُرَيْرَةَ المحدث: شعيب الأرنؤوط المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 139 اخلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা



১৩৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর এই আয়াত নাযিল হলো:

অর্থ: "আসমানসমূহ ও যমিনে যা কিছু আছে, সব আল্লাহর জন্যই। তোমাদের মনে যা আছে তা যদি প্রকাশ করো অথবা গোপন রাখো, আল্লাহ এই ব্যাপারে তোমাদের হিসাব নিবেন।অতঃপর যাকে ইচ্ছা তিনি ক্ষমা করবেন আর যাকে ইচ্ছা তিনি শাস্তি দিবেন। আল্লাহ সর্ব বিষয়ে ক্ষমতাবান।" (সূরা আল বাকারা: ২৮৪)

এই সময় সাহাবীগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে হাটু গেড়ে বসলেন এবং বলতে লাগলেন: "আমরা তো এটা মানতে সক্ষম হবো না, আমাদের এমন কিছু আমল করার দায়িত্ব দেওয়া হয়েছে, যা পালন করার ক্ষমতা আমরা রাখি না।" তখন আয়াত নাযিল হলো:

অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: তোমাদের পূর্ববতী আহলে কিতাবরা যেভাবে বলেছিল, তোমরাও সেভাবে বলো না। ওরা বলেছিল: "আমরা শুনলাম আর অবাধ্য হলাম।" বরং তোমরা বলো যে, আমরা শুনলাম এবং মেনে নিলাম। আমরা তোমার ক্ষমা চাচ্ছি, হে আমাদের প্রতিপালক, তোমার কাছেই আমাদের প্রত্যাবর্তন।" এসময় আয়াত নাযিল হলো:

অর্থ: "আল্লাহ মানুষকে তার সাধ্যাতিত কাজের দায়িত্ব দেন না। সে ভাল যা উপার্জন করে, তার কর্মফল তারই আর মন্দ যা উপার্জন করে তার ফলাফলও তারই উপর বর্তাবে। হে আমাদের প্রতিপালক, যদি আমরা ভুলে যাই অথবা ভুল করি, এজন্য তুমি আমাদের পাকড়াও করো না।" (সূরা আল বাকারা: ২৮৬) (বান্দা যখন এই দু'আ করে তখন আল্লাহ) বলেন: "হাাঁ, তাই হবে।"

অর্থ: "হে আমাদের প্রতিপালক, তুমি আমাদের উপর বোঝা চাপিয়ে দিয়ো না, যেভাবে তুমি আমাদের পূর্ববর্তীদের উপর চাপিয়ে দিয়েছিলে।" (সূরা আল বাকারা: ২৮৬) আল্লাহ বলেন: "হ্যাঁ, তাই হবে।"

অর্থ: হে আমাদের প্রতিপালক, তুমি আমাদের উপর এমন কিছু চাপিয়ে দিয়ো না, যা বহন করার ক্ষমতা আমাদের নেই। আমাদের মাফ করে দাও, ক্ষমা করে দাও এবং আমাদের প্রতি দয়া করো। তুমিই আমাদের অভিভাবক।



অতএব তুমি আমাদেরকে কাফির সম্প্রদায়ের উপর বিজয় দান করো।" (সূরা আল বাকারা: ২৮৬) আল্লাহ বলেন: "হ্যাঁ, তাই হবে।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১২৫; আবু আওয়ানা: ১/৭৬; মুসনাদ আহমাদ: ২/৪১২; তাবারী: ৩/১৪৩। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন